উপজেলা পরিষদ কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা
www.lama.bandarban.gov.bd

লামা উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৫ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ মঈন উদ্দিন উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ লামা, বান্দরবান পার্বত্য জেলা।
তারিখ	:	২৩ ডিসেম্বর ২০২৫ ইং (মঙ্গলবার)
সময়	:	সকাল- ১১.০০ ঘটিকা
সভার স্থান	:	লামা উপজেলা পরিষদ সভাকক্ষ
উপস্থিতি	:	উপস্থিতি রেজিস্টারে লিপিবদ্ধ।

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। উপজেলার সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। অতঃপর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাসহ নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	**বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে জারীকৃত নতুন পরিপত্র/সার্কুলার/ চিঠি-পত্রের বিষয়ে আলোচনা :** ক) সকল বিভাগীয়/দপ্তর প্রধানদের সরকার কর্তৃক জারীকৃত নতুন পরিপত্র/সার্কুলার/ চিঠি-পত্রের বিষয়ে উপজেলা পরিষদের সাধারন সভায় আলোচনা করার আহবান জানান। খ) নতুন পরিপত্র/সার্কুলার থাকলেও দপ্তর প্রধানগণকে সভায় আলোচনা করার প্রস্তাব করা হয়। গ) ডিসেম্বর/২০২৫ মাসে জারীকৃত পরিপত্র নিয়ে সভায় উপস্থাপন করেন এবং সে মোতাবেক বিধি অনুযায়ী প্রতিপালন করার জন্য সকলকে আহবান করেন।	ক) মন্ত্রণালয় / বিভাগ / অধিদপ্তর হতে জারীকৃত পরিপত্র/সাকুলার/চিঠিপত্রের বিষয়ে আলোচনা থাকলে তা পরিষদের সভা অনুষ্ঠিত হওয়ার ০১ সপ্তাহ পূর্বে উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে। খ) পরিষদের নিকট হস্তান্তরিত বিষয়ে সকল নথি প্রশাসক মহোদয়ের নিকট পেশ করতে হবে। গ) মাসিক সভায় দপ্তর প্রধানগণকে আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন। ঘ) উপজেলা পরিষদের ১৭টি কমিটির মিটিং নিয়মিত করতে হবে।	দপ্তর প্রধান (সকল)

ডিসেম্বর/২০২৫ মাসে অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ-

অনুপস্থিত কর্মকর্তা	মন্তব্য
১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ২। উপজেলা আইসিটি অফিসার	কোন দপ্তরের/বিভাগের কর্মকর্তা অনুপস্থিত থাকলে অনুপস্থিতির তালিকা এবং সভার কার্যবিবরণীসহ উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

ন্যস্ত বিভাগ সমূহের আলোচনা :

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.	**উপজেলা এলজিইডি (LGED) বিভাগ :** ক) উপজেলা প্রকৌশলী জানান, ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)'র প্রকল্প তালিকা আংশিক সংশোধন পূবক প্রাক্কলন প্রস্তুতের প্রক্রিয়া চলমান রয়েছে।	ক) ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) তালিকা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। খ) রাস্তা নির্মাণে অবৈধ স্থাপনা ভাঙতে হবে।	উপজেলা প্রকৌশলী এলজিইডি, লামা
	উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) আওতায় অনুমোদিত প্রকল্পগুলি ইতোমধ্যে e-GP পদ্ধতিতে টেন্ডার প্রক্রিয়া চলমান আছে। উপজেলা প্রকৌশলী আরও জানান যে, ফাঁসিয়াখালি ইউনিয়নে কুমারী-	গ) উপজেলা প্রকৌশলীকে দ্রুত নিলামের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	উপজেলা প্রকৌশলী এলজিইডি, লামা

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	ডুলাহাজরা ভায়া ফাঁসিয়াখালি ইউপি সড়কের ১১৫০ মিটার চেইনেজে ফাঁসিয়াখালি খালের উপর ৪০ .০০ মিটার নতুন ব্রীজ নির্মাণ কাজ শুরু হবে এবং উক্ত স্থানে পুরাতন জরাজীর্ণ কালভার্টটি ভেঙ্গে নিলাম গ্রহণ করতে হবে। উক্ত কালভার্টটি নিলামে বিক্রয়ের জন্য সরেজমিনে পরিদর্শন করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে যাহার প্রাক্কলিত মূল্য = ২৫,৬০০/-(পঁচিশ হাজার ছয়শত টাকা)। এছাড়া ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) তে "উপজেলা উন্নয়ন সহায়তা" খোক বরাদ্দের আওতায় প্রাপ্ত বরাদ্দ হতে নিম্নোক্ত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়ঃ		

ক্রমিক নং	প্রকল্পের নাম	টাকা
০১	উপজেলা পরিষদের হলরুমের পিছন সাইডের বাউন্ডারী ওয়াল সংস্কার।	৮,০০,০০০/- (Tender)
০২	উপজেলা পরিষদ ও মডেল মসজিদের মাঝে পরিষদের অভ্যন্তরীণ রাস্তা আরিসিসিকরণ।	২৪,৫৫,০০০/- (Tender)
০৩	উপজেলা পরিষদের প্রধান গেইটের দক্ষিণ পার্শ্বে সৌন্দর্য্যবর্ধক এস এস রেইলিং স্থাপন।	৩,০০,০০০/-(PIC)
০৪	উপজেলা পরিষদের প্রধান গেইটের উত্তর পার্শ্বে এস এস রেইলিং এবং ইউনি ব্লক দ্বারা রাস্তাকরণ।	৩,০০,০০০/- (PIC)
০৫	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রশাসক এর বাসভবনের গেইটের সামনের রাস্তা আরসিসি পোষ্ট দ্বারা প্রোটেকশন এর কাজ।	৩,০০,০০০/- (PIC)

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.	**উপজেলা কৃষি বিভাগ :** ক) উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। ১) সভায় জানানো হয়, লামা উপজেলা হতে বিভিন্ন পয়েন্টে অবৈধভাবে ডিলারদের মাধ্যমে সার পাচার হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ডিলার ও উপসহকারী কৃষি কর্মকর্তাদের তদারকি করার অনুরোধ জানান। ২) তামাক চাষে যাতে সরকারী সার প্রয়োগ করা না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। ৩) নদীর তীরবর্তী এলাকায় তামাক চাষ বন্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ৪) সারের ডিলারশীপ নেয়ার ব্যাপারে সভায় আলোচনা করা হয়।	ক) কৃষি প্রণোদনা বিতরনের পূর্বে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। খ) মাঠ পর্যায়ে বিভিন্ন ব্লকে উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের রবিশস্য মৌসুমে ফসল উৎপাদনে কৃষি বিষয়ক পরামর্শ প্রদান করতে হবে। গ) উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা আহবান পূর্বক সারের বিষয়ে সার্বিক কার্যক্রম তুলে ধরতে হবে। ঘ) লামা উপজেলা হতে যাতে সার পাচার না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঙ) তামাক চাষে যাতে সরকারী সার প্রয়োগ করতে না পারে খুচরা ডিলারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। চ) যারা সারের ডিলারশীপ নিবেন তাদের গোডাউন তৈরি করতে হবে।	ক) উপজেলা কৃষি কর্মকর্তা খ) উপসহকারী কৃষি কর্মকর্তা
৪.	**উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (অ:দ:) সভায় জানান, তার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তিনি আরো জানান, ২০২৫-২৬ অর্থবছরে টিআর/কাবিখার প্রকল্প ইউনিয়ন পরিষদ হতে যে সব প্রকল্পের কাজ চলছে সেসব প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে।	ক) টিআর, কাবিখা, কাবিটা প্রকল্পের কাজ সমূহ দ্রুত বাস্তবায়ন করে প্রতিবেদন প্রেরণ করতে হবে। খ) চলমান প্রকল্প সমূহের অগ্রগতি উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। গ) বরাদ্দ অনুযায়ী প্রকল্প তালিকা দাখিল করতে হবে। ঘ) জনগুরুত্বপূর্ণ এলাকায় জনগনের প্রয়োজন হবে এমন প্রকল্প তৈরি করতে হবে।	ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। খ) ইউপি চেয়ারম্যান (সকল)

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৫.	**উপজেলা স্বাস্থ্য বিভাগ :** নবাগত উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি আরো জানান, হাসপাতালে ডাক্তার ও জনবল সংকট রয়েছে। সেবার মান বৃদ্ধি করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া তিনি আরো জানান, হাসপাতালে যে এম্বুলেন্স রয়েছে তা প্রায় সময় নষ্ট থাকে। উক্ত এ্যাম্বুলেন্স সচল রাখতে ও এম্বুলেন্সের কাজ করাতে সহযোগিতা কামনা করেন।	ক) উপজেলা পরিষদে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করতে হবে। খ) স্বাস্থ্য বিভাগের সেবার মান বাড়াতে হবে। গ) জরুরী বিভাগ ও ইনডোর বিভাগের সেবা প্রদানে আন্তরিক হতে হবে। ঘ) ডাক্তার ও জনবল সংকটের বিষয়ে পদায়নের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করতে হবে। ঙ) হাসপাতালের আঙ্গিনা পরিষ্কার রাখতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
৬.	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। নভেম্বর/২০২৫ মাসের প্রতিবেদন নিম্নে উপস্থাপন করা হলো।	ক) পরিবার পরিকল্পনা কার্যক্রমের ব্যবস্থাপনা, তত্ত্বাবধান এবং বাস্তবায়ন নিশ্চিত করবেন। খ) যে বাড়ীতে গর্ভবতী রয়েছে সে বাড়িতে সাংকেতিক চিহ্ন প্রদর্শনের ব্যবস্থা নিতে হবে। গ) FWC গুলোতে সেবাপ্রদান, নিয়মিত ঔষধ সরবরাহ ও সার্বক্ষণিক ডাক্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

ক্র: নং	পদ্ধতি ও অন্যান্য সেবা		সেবা গ্রহীতা		মোট
	সক্ষম দম্পতি (ইএমআইএস তথ্যসূত্রে)-২১৫২৩		নতুন	পুরাতন	
১	অস্থায়ী সেবা গ্রহিতা	ক) খাবার বড়ি	৬২ জন	৭৩৫৮ জন	৭৪২০ জন
		খ) কনডম	১০ জন	১১৭৮ জন	১১৮৮ জন
		গ) ইনজেকটেবল	৪১ জন	৩৯৬২ জন	৪০০৩ জন
২	দীর্ঘ মেয়াদী	ইমপ্ল্যান্ট	০ জন	১৭৭৫ জন	১৭৭৫ জন
		আইইউডি	১৮ জন	১৪৩১ জন	১৪৪৯ জন
৩	স্থায়ী পদ্ধতি	পুরুষ বন্ধ্যাকরণ	০০ জন	৭১৭ জন	৭১৭ জন
		মহিলা বন্ধ্যাকরণ	০০ জন	৯৩০ জন	৯৩০ জন
৪	মোট সেবা গ্রহীতা (পদ্ধতি)				১৭৪৫৪ জন
৫	সিএআর				৮১.২৩ %
৬	প্রাতিষ্ঠানিক ডেলিভারী	এফডব্লিউসি			১৪ জন
		বাড়িতে			৩৪ জন
৭	চিকিৎসা সেবা	সাধারন রোগী			৬৯৩ জন
		শিশু (০-৫)			১১৩ জন
৮	গর্ভবতী				৭৫২ জন
৯	উঠান বৈঠক	পিপিভিদের প্রকল্পের মেয়াদ শেষ হওয়ায় উক্ত কার্যক্রম বন্ধ রয়েছে।			নাই
১০	স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম				নাই
১১	পাক্ষিক সভা				১২ টি

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৭.	**উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, তার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। বান্দরবান পার্বত্য জেলার মধ্যে লামা উপজেলা আয়তনে বৃহৎ ও বেশি জনসংখ্যার বসবাস। ৭টি ইউনিয়ন ও ০১টি পৌরসভার সমন্বয়ে লামা উপজেলা গঠিত। এ উপজেলায় বিভিন্ন ভাতাভোগী ও ক্যান্সার, কিডনী ও লিভার সিরোসীস ও ক্যাপিটেশন গ্রান্ড ও হাসপাতাল রোগী কল্যাণ সমিতির বরাদ্দ প্রয়োজনের তুলনায় খুবই কম। এ বিষয়ে এ সভার কার্যবিবরণীসহ বরাদ্দ বড়ানোর জন্য পত্র প্রেরণ করার জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করেন।	ক) উপজেলা সমাজসেবা বিভাগের জনসেবার বিষয়টি নিশ্চিত করতে হবে। খ) পল্লী সমাজসেবা কার্যক্রমের অন্তর্ভূক্ত প্রকল্প গ্রামীণ জনগোষ্ঠীকে আর্থ সামাজিক উন্নয়নে সংগঠিত ও উদ্বুদ্ধ করবেন। গ) ক্যাপিটেশন গ্রান্ডভুক্ত এতিমখানা ও অনাথ আশ্রমের তালিকা উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে। ঘ) বান্দরবান পার্বত্য জেলার মধ্যে লামা উপজেলা আয়তনে বৃহৎ ও বেশি জনসংখ্যার হওয়ায় বিভিন্ন ভাতাভোগী,	উপজেলা সমাজসেবা অফিসার ও ইউনিয়ন সমাজকর্মী (সকল)

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		ক্যাপিটেশন গ্রান্ড ও হাসপাতাল রোগী কল্যাণ সমিতির বরাদ্দ বৃদ্ধি করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে পত্র প্রেরণ করতে হবে। ঙ) রোগী কল্যাণ সমিতির কাগজপত্র হালনাগাদ করতে হবে। সমাজের বিত্তবান ও যাকাত এর টাকা রোগী কল্যাণ সমিতিতে দেয়ার জন্য অনুরোধ করা যেতে পারে।	
৮.	**বন বিভাগ (সদর রেঞ্জ কর্মকর্তা) :** সদর রেঞ্জ কর্মকর্তা সভায় স্বাগত জানান। তিনি আরো জানান, তার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। অবৈধ করাত কল এবং কাঠ পাচার বন্ধে প্রশাসনের সহযোগিতা প্রয়োজন। এ বিষয়ে ব্যবস্থা গ্রহন করা হবে। নদীর তীরবর্তী স্থানে তামাক চাষ বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ক) বিভাগীয় কার্যক্রম সম্পর্কে নিয়মিত উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। খ) নদীর পাশ্ববর্তী এলাকায় ও সরকারি জমিতে যাতে তামাক চাষ বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। গ) অবৈধ করাত কল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	উপজেলা নির্বাহী কর্মকর্তা সহকারী কমিশনার(ভূমি) ও রেঞ্জ কর্মকর্তা (সদর রেঞ্জ)
৯.	**উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কর্মকর্তা অনুপস্থিতের কারণে বিভাগীয় কার্যক্রম জানা যায়নি। অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা সপ্তাহে অন্তত ২/৩ দিল উপজেলা-তে থাকতে হবে।	ক) স্কুল পর্যায়ে নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে। খ) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নতুন পরিপত্র অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে। গ) বিদ্যালয়ে মানসম্মত পাঠদানের লক্ষ্যে নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে	ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার খ) প্রধান শিক্ষক (সকল)
১০.	**উপজেলা শিক্ষা অফিস :** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান, তার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তাছাড়া বিদ্যালয় পর্যায়ে নিয়মিত মনিটরিং অব্যাহত আছে। শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষকদের বিদ্যালয়ে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে। যে সব অফিসার বিভিন্ন ইউনিয়নে পরিদর্শনে যাবেন তারা স্কুল পরিদর্শন করে প্রতিবেদন আকারে উপজেলা পরিষদে প্রেরণ করবেন। পরিদর্শন টার্গেট যথাক্রমে, শিক্ষা অফিসার- ০৩টি বিভাগীয় প্রাধান- ০২টি এবং ইউপি চেয়ারম্যান- ০১টি মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন করে উপজেলা পরিষদে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	ক) প্রাথমিক বিদ্যালয়ে মনিটরিং অব্যাহত রাখতে হবে। খ) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নতুন পরিপত্র অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে। গ) বিদ্যালয়ে মানসম্মত পাঠদানের লক্ষ্যে নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে। ঘ) ছাত্রছাত্রীদের নিয়মিত উপস্থিত নিশ্চিত করণে তদারকি বাড়াতে হবে। প্রয়োজনে ধর্মীয় শিক্ষক পদায়ন করতে হবে। ঙ) বিদ্যালয় মনিটরিং করে তার প্রতিবেদন উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে।	উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার অফিসার (সকল)
১১.	**উপজেলা মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে		
ক)	মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে মৎস চাষীদের পরামর্শ প্রদান :	মাঠ পরিদর্শন পূর্বক ০৭ জন মৎস্যচাষীদের মাছ চাষ, পুকুর ব্যবস্থাপনা ও মাছের খাদ্য ব্যবস্থাপনা বিষয়ক পরামর্শ প্রদান করা হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা
খ)	তদন্ত :	জনাব সচীচন্দ্র ত্রিপুরা, গজালিয়া, লামা, বান্দরবান এর পুকুর খননের আবেদন সাপেক্ষে মাঠ পর্যায়ে পরিদর্শন ও তদন্ত পূর্বক উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবর প্রেরণ করা করতে হবে।	উপজেলা মৎস্য কর্মকর্তা
গ)	পুকুর ও ক্রীক পরিদর্শন :	রাজস্ব ও প্রকল্প অর্থায়নে বাস্তবায়িত মোট	

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		০৩টি ক্রীক ও পুকুর পরিদর্শন করা হয়। এতে মৎস্যচাষীদের পুকুর ও খাদ্য ব্যবস্থপনা বিষয়ক পরামর্শ প্রদান করে পুকুর ও ক্রীকের পানির গুনগত মান পরীক্ষা করা হয়।	
ঘ)	খামার পরিদর্শন :	মৎস্য খামার পরিদর্শন করে খামারিদের নার্সারি পুকুর ব্যবস্থাপনা ও খাদ্য প্রয়োগ বিষয়ক দিক নির্দেশণা প্রদান করা হয়।	
১২.	**উপজেলা প্রাণি সম্পদ দপ্তর :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তার দপ্তরের কাজ স্বাভাবিক চলছে। বিভাগীয় কার্যক্রম যথা ; বিগত মাসের প্রতিবেদন। নং | বিবরণ | সংখ্যা ১ | গাভীর কৃত্রিম প্রজনন | ২২৯ মাত্রা ২ | গবাদি পশুর টিকা প্রদান | ৮৩২ টি ৩ | পোল্ট্রির টিকা প্রদান | ২২৬০০ টি ৪ | গবাদি পশুর চিকিৎসা প্রদান | ৭৬০ টি ৫ | পোল্ট্রি চিকিৎসা | ৩৩৮১ টি ৬ | পোষা প্রাণির চিকিৎসা | ০৩ টি ৭ | উঠান বৈঠক অনুষ্ঠান | ০৩ টি ৮ | খামারী প্রশিক্ষণ প্রদান | ০৯টি ৯ | কৃত্রিম প্রজনন ফি জমাদান | ২১৯৭৫/- ১০ | টিকাবীজ বিক্রয় বাবদ আয় | ১০০৭৫	ক) উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। খ) প্রাণি সম্পদ বিভাগের সেবা প্রদানের মাসিক অগ্রগতি প্রতিবেদন/কার্যপত্র উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে। গ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগের পুরাতন অফিস (ইউএলও) জায়গা উদ্ধারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঘ) উপজেলা প্রাণি সম্পদ বিভাগের "জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৫" উদযাপন উপলক্ষে ২৬ নভেম্বর ২৫ হতে ০২ ডিসেম্বর ২০২৫ইং পর্যন্ত চলবে। উক্ত সেবা সপ্তাহ সফলভাবে উদযাপনের জন্য সকলের অংশগ্রহণ থাকতে হবে।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ও উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)
১৩.	**উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** সহকারী প্রকৌশলী সভায় জানান, তার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তিনি আরো জানান, "পার্বত্য চট্টগ্রামে সমন্বিত ও টেকসই পৌর পানি সরবরাহ ও স্যানিটেশন" শীর্ষক প্রকল্পের আওতায় লামা পৌরসভা এলাকায় বিভিন্ন ব্যাসের পানি সরবরাহের পাইপ লাইন স্থাপন/লেইন এর কাজ চলমান রয়েছে। এইচডিডি পাইপ লাইন ৮.৫০ কিলোমিটার এবং ওপেন কাট ২৬.৮৫ কিলোমিটার ওভার হেড ট্যাংক এবং ওভার গ্রাউন্ড রিজার্ভের কাস্ট ইন সিটু সার্ভিস পাইলের কাজ ইতমধ্যে শেষ হয়েছে। চেয়ারম্যান পাড়া ওভার গ্রাউন্ড রিজারভার এর কাস্ট ইন সিটু সার্ভিস পাইলের কাজ চলমান আছে। পাবলিক টয়লেট এর কাজ শুরু করা হয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় রুরাল পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম এর পরীক্ষামূলক নলকূপের কাজ চলমান আছে।	ক) উপজেলা জনস্বাস্থ্য বিভাগের কাজে জনসেবা নিশ্চিত করতে হবে। খ) বিভাগীয় কার্যক্রম সম্পর্কে উপজেলা পরিষদকে নিয়মিত অবহিত করতে হবে। গ) সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় রুরাল পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম এর পরীক্ষামূলক নলকূপের কাজ করতে হবে।	সহকারী প্রকৌশলী
১৪.	**উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কাজ স্বভাবিক চলছে। তাছাড়া ক) লামা উপজেলায় ১টি পৌরসভা ও ৭টি ইউনিয়নে মোট ৮টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান আছে। খ) মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী নির্বাচন চলমান থাকবে।	ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের সেবার মান আরো বাড়াতে হবে।	মহিলা বিষয়ক কর্মকর্তা
১৫.	**উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে নভেম্বর/২৫ মাসের প্রতিবেদন- ক) পরিবার ভিত্তিক মোট ঋণ তহবিল- ৮৪,৯৫,৪৬৫ খ) ক্রমপুঞ্জিত বিতরণ- ৫,১৬,২৪,০০০ গ) ক্রমপুঞ্জিত আদায়- ৫,১৪,৪০,২৪০ ঘ) ক্রমপুঞ্জিত সদস্য সংখ্যা- ৭১১৮ জন ঙ) আদায়ের হার- ৯৯.৬৫%	ক) যুব উন্নয়ন বিভাগের জনসেবার বিষয়টি নিশ্চিত করতে হবে। ডিসেম্বর মাসে "তারুন্যের উৎসব" প্রোগ্রামটি ভালভাবে করতে হবে। খ) মাঠ পর্যায়ে ঋণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ঋণ কার্যক্রমের তালিকা উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে।	ক) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td>চ) খেলাপী টাকার পরিমাণ- ১,৮৩,৭৬০
ছ) খেলাপী সদস্য সংখ্যা- ৬৯ জন
জ) চলতি মাসে আদায়- ১০০%
আত্মকর্ম ঋণ :
ক) ঋণ তহবিল-২৫,৩৫,২০০
খ) ক্রমপুঞ্জিত বিতরণ-২,৬১,৭০,০০০
গ) ক্রমপুঞ্জিত আদায়- ২,৪৩,৯২,৮৩৯
ঘ) ক্রমপুঞ্জিত সদস্য সংখ্যা- ১১০৮ জন
ঙ) আদায়ের হার- ৯২.৮৮%
চ) চলতি মাসে আদায়- ৫৩৭৬৬
ছ) চলতি আদায় হার- ১০০%
জ) খেলাপী সদস্য সংখ্যা ৬৫ জন।
ঝ) খেলাপী টাকার পরিমাণ- ৭,১১,৮১১
প্রশিক্ষণ কার্যক্রম (রাজস্ব) :
চলতি অর্থবছরে ৬০জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
ক্রম- পুরুষ-২১২০ ও মহিলা-২৬৬৯ জন সহ সর্বমোট= ৪৭৮৯ জন।</td><td>গ) যুব উন্নয়নের প্রশিক্ষণ কার্যক্রম ও ঋণ বিতরনের ব্যাপারে জনবল এর বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
ঘ) সেলাই, কম্পিউটার এবং অন্যান্য প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
ঙ) খেলাপী ঋণ আদায়ে মাঠ পর্যায়ে কার্যক্রম তদারকি করতে হবে।
চ) প্রশিক্ষণ প্রদান কার্যক্রম কিংবা ঋণ বিতরনের পূর্বে উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করতে হবে।
ছ) কোন দপ্তর হতে ঋণ নিতে হলে অন্যান্য দপ্তর হতে ঐ ব্যক্তি/প্রতিষ্ঠান ঋণ নিয়েছেন কিনা এনওসি নিতে হবে।</td><td></td></tr>
<tr><td>১৬.</td><td><u>উপজেলা সমবায় বিভাগ :</u>
উপজেলা সমবায় কর্মকর্তা জানান, সমবায় বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তিনি আরো জানান,
ক) লামা উপজেলায় নিবন্ধিত মোট প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা-৯৬টি তার মধ্যে অডিট যোগ্য কার্যকর সমিতির সংখ্যা-৫৪টি, অকার্যকর-০৮টি, অবসায়নযোগ্য-২৬টি এবং কালবভূক্ত-০৮টি।
খ) অক্টোবর/২৫ পর্যন্ত মোট ১২টি কার্যকর সমিতির বার্ষিক অডিট/নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন হয়েছে। বাকীগুলো পর্যায়ক্রমে ৩০ জুন/২০২৫ এর মধ্যে যথাসময়ে সম্পন্ন করা হবে।
জেলা পরিষদ কর্তৃক ঘূর্ণয়মান ঋণ প্রদান ৪,০০,০০০/-</td><td>ক) সমবায় বিভাগের জনসেবার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং সমবায় সমিতি সমূহের যাবতীয় হালনাগাদ তথ্যাদি সংরক্ষণ করতে হবে।
খ) লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় করে সরকারি কোষাগারে জমা দিতে হবে।
গ) সমবায় সমিতির নির্বাচন ও পরিদর্শন কালে সমস্যা এড়াতে সতর্কতা অবলম্বন করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা</td></tr>
<tr><td>১৭.</td><td><u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :</u>
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। নিম্নে নভেম্বর/২০২৫ ইং মাসের প্রতিবেদন উপস্থাপন করা হলো।
<table>
<tr><th>নং</th><th>বিবরণ</th><th>চলতি</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১</td><td>সমিতি গঠন</td><td>নাই</td><td>১৪৩টি</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>নাই</td><td>২৫৬৪ জন</td></tr>
<tr><td>৩</td><td>শেয়ার আদায়</td><td>০.১৫ লক্ষ</td><td>৪.৭৫ লক্ষ</td></tr>
<tr><td>৪</td><td>সঞ্চয় আদায়</td><td>১.০২ লক্ষ</td><td>২০.৭৪ লক্ষ</td></tr>
<tr><td>৫</td><td>ঋণ বিতরণ</td><td>১৬.৫৫ লক্ষ</td><td>৪৬৮.৫২ লক্ষ</td></tr>
<tr><td>৬</td><td>ঋণ আদায়</td><td>১১.৪৯ লক্ষ</td><td>৩৭৪.৫০ লক্ষ</td></tr>
</table>
আদায়ের হার-৯০%।
খেলাপী ঋণ আদায়ে উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষরে ও পুলিশের সহায়তায় নোটিশ প্রদানের পরামর্শ প্রদান করেন।</td><td>ক) প্রতিমাসে উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের প্রতিবেদন উপস্থাপন করতে হবে।
খ) খেলাপী ঋণ আদায়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
গ) কোন দপ্তর হতে ঋণ নিতে হলে অন্যান্য দপ্তর হতে ঐ ব্যক্তি/প্রতিষ্ঠান ঋণ নিয়েছেন কিনা এনওসি নিতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>১৮.</td><td><u>পল্লী সঞ্চয় ব্যাংক, লামা :</u>
ব্যবস্থাপক সভায় জানান, পল্লী সঞ্চয় ব্যাংক এর মাঠ পর্যায়ে কাজ চলমান রয়েছে।
<u>২০২৫-২৬ অর্থবছরে সেপ্টেম্বর/২০২৫ মাসে অগ্রগতির প্রতিবেদন-</u>
[কোন দপ্তর হতে ঋণ নিতে হলে অন্যান্য দপ্তর হতে ঐ ব্যক্তি/প্রতিষ্ঠান ঋণ নিয়েছেন কিনা এনওসি নিতে হবে]</td><td>ক) খেলাপী ঋণ কমিয়ে আনার ব্যবস্থা করতে হবে।
খ) ইউনিয়ন ভিত্তিক সমিতি সমূহের একটি হালনাগাদ তালিকা উপজেলা পরিষদে জমা দিবেন।
গ) ঋণ বিতরণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের মতামত/পরামর্শ গ্রহণ করতে হবে।
ঘ) ঋণ অনাদায়ীদের বিরুদ্ধে সার্টিফিকেট মামলা রুজ্জু করতে হবে।
ঙ) কোন দপ্তর হতে ঋণ নিতে হলে অন্যান্য দপ্তর হতে ঐ ব্যক্তি/প্রতিষ্ঠান ঋণ নিয়েছেন কিনা এনওসি নিতে হবে।</td><td>ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক</td></tr>
</table>

ক্র:নং	আলোচনা						সিদ্ধান্ত			বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	
ঋণ স্থিতি	ঋণ আদায়		ঋণ বিতরণ		সঞ্চয় আদায়		শ্রেণীকৃত ঋণের পরিমাণ	হার	খেলাপীর পরিমাণ	হার	মোট তহবিলের পরিমাণ
	আদায়	ক্রমপুঞ্জিত	আদায়	ক্রমপুঞ্জিত	আদায়	ক্রমপুঞ্জিত					
২২৪৫.১৩	২৭.৬	১৭০.৪৮	১৯.১০	১৬৩.০	১.৭৯	১৪.১৪	৭০৩.০১	৩১%	১২১৫.৮৪	৫৩%	২৩৭৪.০০
১৯.	**খাদ্য বিভাগ (উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়) :** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, খাদ্য বান্ধব কর্মসূচী কার্যক্রম চলমান আছে। অত্র উপজেলায় আমন সংগ্রহ ২০২৫-২৬ ইং আওতায় আমন আতপ চালের সরকারের লক্ষমাত্রা ৮০,০০০ মেঃটন। লামা উপজেলা উক্ত লক্ষমাত্রা ৮০,০০০ মেঃটন আমন আতপ চালের ইতিমধ্যে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। একর আমন সংগ্রহের আওতায় ধান সংগ্রহের কোন লক্ষ্যমাত্রা পাওয়া যায়নি। অত্র উপজেলার আওতাধীন ০২টি এলএসডির খাদ্যশস্যের মজুদ নিম্নে উল্লেখ করা হল। (ক) আজিজনগর এলএসডি মোট চালের পরিমাণ ৮০১.৬৪৯ মেঃটন গমের পরিমাণ ৩১.১৫৮ মেঃটন। (খ) লামা এলএসডি মোট চালের পরিমাণ ৩১০.৮৯০ মেঃটন গমের পরিমাণ ২৯.৯৫৯ মেঃটন। খাদ্য বিভাগের মাসপ্রতি চলমান ভিডব্লিউভি, টিসিবি এবং জিআর কার্যক্রম চলমান আছে।						ক) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগের জনসেবার বিষয়টি নিশ্চিত করতে হবে। খ) আমন ধান সংগ্রহ অত্র উপজেলায় অব্যাহত রাখতে হবে। গ) খাদ্য গুদামে মজুদের বিবরণী মাসিক সভায় উপস্থাপন পূর্বক উপজেলা পরিষদে প্রতিবেদন প্রেরণ করতে হবে।			উপজেলা খাদ্য নিয়ন্ত্রক	
২০.	**বিদ্যুৎ বিভাগ :** আবাসিক প্রকৌশলী, লামা বিদ্যুৎ সরবরাহ জানান, তার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। লামা উপজেলায় বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে আলোচনা করেন। ভুতুড়ে বিদুৎ বিল নিরসনে সঠিক ভাবে কাজ করবেন বলে তিনি সভাকে অবহিত করেন।						ক) যে সমস্ত এলাকায় এখনো বিদ্যুৎ পৌঁছায়নি সে সমস্ত এলাকার তালিকা তৈরি করে উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে এবং বাস্তবায়নের ব্যবস্থা নিতে হবে। খ) ভুতুড়ে বিদ্যুৎ বিল নিয়ে এবং দীর্ঘদিন বকেয়া থাকা বিদ্যুৎ বিল আদায়ে কাজ করতে হবে।			আবাসিক প্রকৌশলী লামা বিদ্যুৎ সরবরাহ।	
২১.	**উপজেলা নির্বাচন অফিস** উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান, গণভোটের সফটওয়ার ডাউনলোড করে রেজিস্ট্রেশন করার জন্যে। তাছাড়া আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন/২০২৬ উপলক্ষ্যে নির্বাচনের সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে। নির্বাচনের বিধি বিধান ও নিয়মাবলী সম্পর্কে সকলকে অবহিত করা হয়।						গণভোটের সফটওয়ার ডাউনলোড করে রেজিস্ট্রেশন করার জন্য সকলকে অনুরোধ করা হয়। ২২ জানুয়ার ২০২৬ গণভোট অনুষ্ঠিত হবে।			সহকারী রিটার্নিং অফিসার ও উপজেলা নির্বাচন অফিসার	
২২.	**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, লামা :** উপজেলা আইসিটি অফিসার সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।						ক) ওয়েব পোর্টাল সময়োপযোগী করে তথ্য হাল নাগাদ করতে হবে।			১। উপজেলা আইসিটি অফিসার ২। দপ্তর প্রধান (সকল)	
	নং	কার্যক্রম					অগ্রগতি				
	১	ওয়েব পোর্টাল					উপজেলা পোর্টাল- ১০০% সমন্বিত পোর্টাল ৮১%				
	২	ভবন সম্প্রসারণ					নির্মাণ কাজ চলমান।				
২২.	**উপজেলা পরিসংখ্যান বিভাগ :** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। ১। **বাংলাদেশের জনতাত্ত্বিক ও স্বাস্থ্য পরিসংখ্যান উন্নতকরণ প্রকল্প এর আওতাধীন** (Elder People Survey- EPS) – প্রবীণ জনগোষ্ঠী জরিপ- **২০২৫ এর মূল জরিপ** কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। ২। **"ব্যক্তি ও খানা পর্যায়ে জেলা ভিত্তিক** ICT **ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ" প্রকল্পের মাঠ পর্যায়ের জরিপ** কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। ৩। SVAS (Socioeconomic Vulnerability						উপজেলা পরিসংখ্যান বিভাগের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে উপজেলা পরিষদকে নিয়মিত অবহিত করতে হবে। খ) লামা উপজেলার জনসংখ্যা সংক্রান্ত তথ্য উপাত্ত উপজেলা পরিষদে দাখিল করতে হবে।			উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা	

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	Assessment Survey-25) **জরিপ এর** কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। ৪। SAS (Sustainable Agricultural Survey) **উৎপাদনশীল ও টেকসই কৃষি জরিপ এর** কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। ৫।কৃষি মজুরি, অপ্রধান ফসল, প্রধান ফসল ও দাগগুচ্ছসহ যাবতীয় বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।		
২৪.	**উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) :** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান, ইউজিডিপির প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট এর নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান আছে। তাছাড়া তিনি জানান, ডিসেম্বর ২০২৫ মাসে উক্ত প্রকল্পের কার্যক্রম সমাপ্ত হবে।	ইউজিডিপির প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট হতে কোন পত্র আসলে জানাতে হবে।	ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প
২৫.	**ইসলামিক ফাউন্ডেশন, লামা** পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন জানান, লামা উপজেলায় কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি আরো জানান, নৈতিকতা ও ধর্মীয় মূল্যবোধ উন্নয়নে মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের শিক্ষাকেন্দ্র মোট ১৫৪টি। তৎমধ্যে বিদ্যমান ১০১টি শূন্য কেন্দ্র সংখ্যা ৫৩টি। বিগত ১৪/১২/২০২৫ তারিখে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সভাপতিত্বে প্রকল্প নীতিমালা অনুযায়ী উপজেলা কমিটির মাধ্যমে বিদ্যমান কেন্দ্র শিক্ষক যাচাই-বাছাই করা হয়। লামা মডেল মসজিদ ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উদ্বোধনের পর থেকে অদ্যাবধি পর্যন্ত ক্লাস্টার ও রং লাগানো এখনো শেষ হয়নি।	১। উপজেলায় গণশিক্ষার পাঠাগার ও উপজেলা প্রতিবেদন নিয়মিত প্রেরণ করতে হবে।	সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন
২৬.	**লজিক প্রকল্প :** উপজেলা ফ্যাসিলিটেটর, লজিক প্রকল্প সভায় জানান, তাহার প্রকল্পের কাজ স্বাভাবিক চলছে। তাছাড়া তিনি আরো জানান,	প্রকল্পের কাজ সম্পর্কে নিয়মিত সভায় উপস্থাপন করতে হবে।	উপজেলা ফ্যাসিলিটেটর লজিক।

লজিক প্রকল্প: স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত local Goverment Initiative on Climate change (Logic) লজিক প্রকল্পের আওতায় জলবায়ু অভিযোজনে লামা উপজেলার ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দের অনুকূলে মোট ০৫টি স্কিম যার মধ্যে ০৪টি সৌর চালিত কমিউনিটি বেইজড মিনি ওয়াটার ট্রিটমেন্ট সিস্টেম স্থাপন এবং ০১টি প্রটেকশন গাইডওয়াল স্কিমের বাস্তবায়ন কাজ শেষ হয়েছে এবং ১০% জামানত কর্তনপূর্বক স্কিমের বিল পরিশোধ করা হয়েছে। প্রতিটি স্কিমের বিল হলে জামানত হিসেবে ১০% হারে টাকা কর্তন করা হয়েছে যা কমপক্ষে এক বছর পিবিসিআরজি হিসাবে সংরক্ষিত থাকবে। স্কিমভিত্তিক জামানতের টাকা বিবরণ নিম্নে ছকে উল্লেখ করা হলো।	এলজিইডি নিয়ম মোতাবেক ০৫টি স্কিমের ঠিকাদারের জামানতের টাকা কাজ শেষ হওয়ার পর পরবর্তী ১ বছর পর্যন্ত উপজেলার লজিক পিবিসিআরজি ব্যাংক হিসাবে সংরক্ষিত থাকবে এবং ১ বছর পরে ঠিকাদারের অনুকূলে জামানতের টাকা ছাড়করণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি)

লজিক প্রকল্পের আওতায় বাস্তবায়িত ৫টি স্কিমের জামানত ও অন্যান্য অব্যয়িত টাকার বিবরণ

ক্র. নং	স্কিমের	স্কিমের আইডি নং	ঠিকাদারের মূল বিল	১০% জামানত টাকার পরিমাণ	কাজ সমাপ্তির তারিখ	জামানতের মেয়াদকাল
০১	আজিজনগর ইউনিয়নের ৮নং ওয়ার্ডের ক্রেসং মো পাড়ায় সৌর প্যানেলসহ গভীর নলকূপ স্থাপন।	Bandarban/2023-24/02	৪৫,৬৯,৪৯৬/-	৪৫৬,৯৫০/-	২১-০৬-২০২৫	২১-০৬-২০২৬ পর্যন্ত
০২	ভাঙ্গন রোধে রুপসী পাড়া ইউনিয়নের অধীনে ৭নং ওয়ার্ডের লামা-সোনাইছড়ি হয়ে রুপসী পাড়া থেকে মংক্রু পাড়া সড়কের নয়াপাড়া রোডে আরসিসি	Bandarban/2024-25/03	১৮,২৭,৯১৭/-	১৮২,৭৯২/-	২৫-০৬-২০২৫	২৫-০৬-২০২৬ পর্যন্ত

	প্রটেকশন ওয়াল নির্মাণ।					
০৩	সরই ইউনিয়নের ৮নং ওয়ার্ডের সিয়াছড়া পাড়ায় ঝিরির পানি ব্যবহার করে সৌর চালিত কমিউনিটি বেইজড মিনি ওয়াটার ট্রিটমেন্ট সিস্টেম স্থাপন।	Bandarban/2024-25/04	৩৪,৮৮,৩৩৬/-	৩৪৮,৮৩৪/-	২০-০৬-২০২৫	২০-০৬-২০২৬ পর্যন্ত
০৪	ফাইতং ইউনিয়নের ২নং ওয়ার্ডের ভাজা মুসলিম পাড়ায় রিংওয়েল স্থাপনসহ সৌর চালিত কমিউনিটি বেইজড মিনি ওয়াটার ট্রিটমেন্ট সিস্টেম স্থাপন।	Bandarban/2024-25/05	৪২,১০,৭০৮/-	৪২১,০৭১/-	২০-০৬-২০২৫	২০-০৬-২০২৬ পর্যন্ত
০৫	ফাইতং ইউনিয়নের ৭নং ওয়ার্ডের ম্রেত্রং কারবারী পাড়ায় জিএফএস এর মাধ্যমে সৌর চালিত কমিউনিটি বেইজড মিনি ওয়াটার ট্রিটমেন্ট সিস্টেম স্থাপন।	Bandarban/2023-24/03	৪৩,৪২,০৭৭/-	৪৩৪,২০৮/-	৩০-০৬-২০২৫	৩০-০৬-২০২৬ পর্যন্ত
০৬	অন্যান্য অব্যয়িত টাকা	-	-	৫,৬৭৩/-		
০৭	মোট অব্যয়িত টাকা			১৮,৪৯,৫২৮/-		--

উপজেলা পরিষদ (রাজস্ব তহবিল) :

ক্র: নং	আলোচনা		সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২৭.	উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর ব্যয় প্রসঙ্গে : ডিসেম্বর/২০২৫ মাসের খরচ উপস্থাপন করা হলো-		উপস্থাপিত খরচ সমূহ উপজেলা পরিষদে রাজস্ব তহবিলে স্থিতি থাকা সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশনা অনুযায়ী ব্যয় করতে হবে।	সিএ/ডিএ
	১। প্রশাসক মহোদয়ের সম্মানী	১,৫০০/-		
	২। আপ্যায়ন বিল প্রদান	৩০,০০০/-		
	৩। বিদ্যুৎ বিল	১৪,৬৬৩/-		
	৪। স্টেশনারী ক্রয়, ওয়াইফাই, পানির মোটর সংস্কার	১৫,০০০/-		
	সর্বমোট	৬১,১৬৩/-		

উল্লিখিত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য বিভাগীয়/দপ্তর প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। লামা উপজেলার উন্নয়নমূলক কর্মকান্ডের ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। পরিশেষে, আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করা হয়।

২৬/১২/২৫

মোঃ মঈন উদ্দিন
প্রশাসক
উপজেলা পরিষদ
লামা, বান্দরবান পার্বত্য জেলা।
e-mail : upazilalama@gmail.com

স্মারক নম্বর : ৪৬.০০.০৩৫১.০০০.০১.০০১.২৫.৮৪

তারিখ : ০৯ অগ্রহায়ন ১৪৩২ বঙ্গাব্দ / ২৪ ডিসেম্বর ২০২৫ খিস্টাব্দ

অনুলিপি, সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।

০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, বান্দরবান পার্বত্য জেলা।

০৬। উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও প্রযুক্তি বিভাগ, লামা..... ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ।

০৭। উপজেলা ..... অফিসার, লামা, বান্দরবান পার্বত্য জেলা।

০৮। প্রশাসক/প্যানেল চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।

০৯-২৬। জনাব.....

২৪/১২/২৫

উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা